সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩৩ তারিখ: ১২ কার্তিক , ১৪২৯ বঙ্গাব্দ

২৮ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৮ অক্টোবর ২০২২ তারিখ সংযুক্ত আরব আমিরাতের স্থানীয় সময় বেলা ১১:০০ ঘটিকায় দুবাইতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটি (Dubai Financial Service Authority) এর মধ্যে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding-MoU) স্বাক্ষরিত হয়েছে।

সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটি (Dubai Financial Service Authority) এর প্রধান নির্বাহী (Chief Executive) Ian Johnston। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটি (Dubai Financial Service Authority) হলো সংযুক্ত আরব আমিরাতের Dubai International Financial Centre(DIFC) থেকে পরিচালিত সমস্ত আর্থিক পরিষেবা এবং বাজারের স্বতন্ত্র নিয়ন্ত্রক সংস্থা। যে সমস্ত বিষয় যা বিশেষভাবে ফেডারেল আইন, DIFC আইন এবং দুবাই এমিরেটের আইনের এখতিয়ারভুক্ত সে সকল বিষয়সমূহ দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটির নিয়ন্ত্রণভুক্ত। DFSA এর নিয়ন্ত্রণাধীন উল্লেখযোগ্য বিষয়সমূহ হচ্ছে সম্পদ ব্যবস্থাপনা, ব্যাংকিং ও ক্রেডিট পরিষেবা, বীমা, যৌথ বিনিয়োগ তহবিল, ইসলামিক অর্থায়ন, সিকিউরিটিজ, কমোডিটিজ ফিউচার ট্রেডিং, আন্তর্জাতিক ইক্যুইটি বিনিময় এবং আন্তর্জাতিক কমোডিটিজ ডেরিভেটিভস বিনিময়। DFSA আর্থিক ও আনুষাঙ্গিক পরিষেবাগুলো নিয়ন্ত্রণ করার পাশাপাশি DIFC তে প্রযোজ্য মানিলন্ডারিং প্রতিরোধ (AML) ও কাউন্টার টেররিস্ট ফাইন্যান্সিং (CTF) এর তত্ত্বাবধান ও কার্যকর করার দায়িত্বে নিয়োজিত।

এখানে উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে মধ্যপ্রাচ্যের বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধি, বাণিজ্যিক সহযোগিতাসহ পারস্পারিক সম্পর্ক উন্নয়নের উদ্দেশ্যে গত ০৮ মার্চ ২০২২ ইং থেকে ১২ মার্চ ২০২২ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাত ভ্রমণ করেন। উক্ত সফরকালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সাথে দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটির একটি বৈঠক

অনুষ্ঠিত হয় যেখানে উভয় দেশের পুঁজিবাজার ও বিনিয়োগ সম্ভাবনা ও সুযোগ-সুবিধার পাশাপাশি বিএসইসি এবং দুবাই ফিনানশিয়াল সার্ভিস অথোরিটির মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। এর পরিপ্রেক্ষিতে উক্ত সমঝোতা স্মারকটি আজ স্বাক্ষরিত হল।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে DFSA এর প্রধান নির্বাহী Ian Johnston বলেন, "বিএসইসি এবং ডিএফসিএ এর মধ্যে এই সমঝোতার ফলে দুই দেশের বাজার অধিকতর ব্যবসাবান্ধব হবে এবং বিনিয়োগকারীদের আস্থা আরো দৃঢ় হবে।" এর মাধ্যমে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো আরো ভালোভাবে কাজ করবে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বলেন, " স্বাধীনতা এবং বন্ধুত্বের পঞ্চাশ বছর পর, বিএসইসি এবং DFSA এর মধ্যে সহযোগিতার যে নতুন মাত্রা যোগ হল, তা আমাদের ক্রমবর্ধমান ও প্রাণবন্ত দুই দেশের পুঁজিবাজারকে অনেক দূর এগিয়ে নিবে।" দুই দেশের নাগরিকরা এর সুফল ভোগ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুই প্রতিষ্ঠানের সুপারভিশন ও এনফোর্সমেন্ট ক্রিয়াকলাপের ক্ষেত্রে পারস্পারিক সহযোগিতার সুযোগ তৈরি হল। এর ফলশ্রুতিতে উভয় দেশের পুঁজিবাজারে পারস্পারিক যোগাযোগ বৃদ্ধি পাবে যা আইন কানুন প্রণয়ন, পুঁজিবাজারে কর্মরত লোকবলের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ, পুঁজিবাজারে নতুন পণ্য এবং সেবা প্রণয়ন ইত্যাদি বিষয়ে সহায়ক ভূমিকা পালন করবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


DFSA
Authority



